

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[Phone: 88-02-9511066, Fax: 88-02-9552323, www.most.gov.bd]

প্রেস বিজ্ঞপ্তি

মানুষের মধ্যে কর্মস্পৃহা জাগিয়ে দিতে হবে

ঢাকা: ০৮ ফেব্রুয়ারি -২০১৯


বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের আয়োজিত ২ দিন ব্যাপি (৮,৯ ফেব্রুয়ারি) সেক্টর লিডারস ওয়ার্কশপ বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)-এর ডিআরআইসিএম অডিটোরিয়ামে ৮ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে স্থপতি ইয়াফেস ওসমান, মাননীয় মন্ত্রী বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় বলেন, মানুষের মধ্যে কর্মস্পৃহা জাগিয়ে দিতে হবে। লিডারশীপ সহজ কাজ নয় একজন লিডারের প্রতিটি প্রদক্ষেপ, ভাবনা সিদ্ধান্ত হতে হবে দুরদর্শী। যেটা ছিল বঙ্গবন্ধুর মধ্যে। তার এক ডাকে সমগ্র বাঙ্গালী জাতি মুক্তিযুদ্ধে ব্যাপিয়ে পড়েছে এবং বিশ্ববাসী এ যুদ্ধের সমর্থন দিয়েছে। তারই পরিকল্পনার অংশ হিসেবে বাংলাদেশের সর্ববৃহৎ এবং পৃথিবীর অন্যতম বৃহৎ প্রকল্প রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র প্রতিষ্ঠা হয়েছে। ২০২৩ সালে সফলভাবে এ প্রকল্প হতে জাতীয় স্পীড বিদ্যুৎ দেয়া হবে ইনশাআল্লাহ।

তিনি আরও বলেন, বঙ্গবন্ধু ৭ মার্চের ভাষণে বলেছিলেন "আমাদেরকে দাবিয়ে রাখতে পারবেনা, বঙ্গবন্ধু বাঙ্গালী জাতির অন্তর্নিহিত ও সুপ্ত প্রতিভা ও শক্তিকে হৃদয় দিয়ে উপলব্ধি করতেন। তারই বহিঃ প্রকাশ আজ আকাশে বঙ্গবন্ধু স্যাটেলাইট, সমুদ্র সাবমেরিন, তথ্য প্রযুক্তিতে অসাভাবিক সাফল্য, পদ্মাসেতু, মেট্রোরেল, গড় আয়ু, মাথাপিছু আয় বৃদ্ধি ইত্যাদি সকল ক্ষেত্রের সাফল্য ও মানবিকতায় বিশ্ববাসীকে হতবাক ও ঈশান্বিত করেছে। তারই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে। আর এটি সম্ভব হয়েছে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার আগ্রহ, উদ্যোগ, সাহস এবং দুরদর্শী সিদ্ধান্তের ফলে। যা আজ দৃশ্যমান।

এ ওয়ার্কশপের সভাপতিত্ব এবং বাংলাদেশের পরমানু শক্তির শান্তিপূর্ণ ব্যবহার শীর্ষক কী-নোট পেপার উপস্থাপন করেন মো: আনোয়ার হোসেন, সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।

ডিশন-২০৪১ অর্জনে সরকারের গৃহীত কর্মসূচি বাস্তবায়নে বিসিএসআইআর এর কার্যক্রম শীর্ষক পেপার উপস্থাপন করেন মো: ফারুক আহমেদ, চেয়ারম্যান, বিসিএসআইআর। অন্যান্য মন্ত্রণালয় ও সংস্থা হতে অনুরূপ বিভিন্ন বিষয়ে পেপার উপস্থাপন করা হয়।

অনুষ্ঠানে দিকনির্দেশনামূলক বক্তব্য রাখেন মো: মোশাররফ হোসেন ভূইয়া, চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড এবং মো: আবুল কালাম আজাদ, মুখ্য সমন্বয়ক (এসডিজি) প্রধানমন্ত্রীর কার্যালয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিভিন্ন মন্ত্রণালয় এবং সংস্থার উর্ধ্বতন কর্মকর্তা ও গবেষকবৃন্দ।


(বিবেকানন্দ রায়)

সিনিয়র তথ্য অফিসার

(৯৫৪ ০৩৮৭ (অঃ)/E0১৭১১-৮১৫৮৮১
E-mail: pro@most.gov.bd
royv047@gmail.com